ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৪১৪
শান্তিরবাজার, ১৮ আগস্ট, ২০২৫

# বিলোনীয়ায় সড়ক নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম বিতরণ

বিলোনীয়ায় দক্ষিণ ত্রিপুরা জেলা পুলিশ সুপারের অফিসে আজ এক অনুষ্ঠানের মাধ্যমে সড়ক নিরাপত্তার কাজে ব্যবহৃত প্রায় ২২ লক্ষ টাকার বিভিন্ন সরঞ্জাম জেলা পুলিশের মধ্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত ট্রাফিক বিধি মেনে চলা এবং যান দুর্ঘটনা নিয়ন্ত্রণে জনসচেতনতা তৈরী করার উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি বক্তব্য রাখতে গিয়ে বলেন, সড়ক দুর্ঘটনা এড়ানোর জন্য দক্ষিণ জেলার বেশ কিছু এলাকাকে দুর্ঘটনাপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। ঐসব এলাকায় ট্রাফিক ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার মৌর্যকৃষ্ণ সি। অনুষ্ঠানে সড়ক নিরাপত্তার কাজে নিযুক্ত ৮ জন পুলিশ কর্মীকে প্রশংসনীয় কাজের জন্য শংসাপত্র প্রদান করা হয়।

******